আমাদের আক্বীদা ও মানহাজ

‘একটি পথ প্রদর্শনকারী কিতাব ও একটি সাহায্যকারী তরবারি’

হে তাওহীদে বিশ্বাসী ভাই!

আমরা এখানে আমাদের আক্বীদা ও মানহাজ নিয়ে আলোচনা করবো। আপনি স্মরণ রাখবেন, এগুলো শুধু কলম থেকে ঝরা কিছু কালি কিংবা মুখ-নিঃসৃত কিছু বুলি নয়।

এটি আমাদের আক্বীদা, যা আমরা হৃদয়ের গভীর থেকে বিশ্বাস করি, অন্তর দ্বারা অনুভব করি, যার জন্য আমরা নিজেদের রক্ত ঝরাই এবং আমাদের জীবন উৎসর্গ করি।

এটি আমাদের মানহাজ, যার উপর আমরা নিজেরা চলি, যার কথা আমরা অন্যকে বলি। এটি ইলমের নূর দ্বারা আলোকিত এবং জিহাদের খুন দ্বারা রঞ্জিত একটি মানহাজ।

এই আক্বীদা ও মানহাজের ভিত্তিতেই আমরা একত্রিত হয়েছি, এর ভিত্তিতেই আমরা তাওহীদ ও জিহাদের পতাকাতলে সমবেত হয়েছি।

এর প্রতিটি বিষয়কে আপনি গুরুত্ব দেবেন; সর্বোচ্চ গুরুত্ব দেবেন। এর আলোকে নিজ জীবন গঠন করবেন। এই কামনায়-

- উম্মাহর খেদমতে নিয়োজিত আপনার ভাইয়েরা।

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

إِنَّ الْحَمْدَ لِلَّهِ نَحْمَدُهُ وَنَسْتَعِيْنُهُ وَنَسْتَغْفِرُهُ، وَنَعُوْذُ بِاللهِ مِنْ شُرُوْرِ أَنْفُسِنَا وَمِنْ سَيِّئَاتِ أَعْمَالِنَا، مَنْ يَّهْدِهِ اللهُ فَلَا مُضِلَّ لَهُ، وَمَنْ يُّضْلِلْ فَلَا هَادِيَ لَهُ، وَنَشْهَدُ أَنْ لَّا إِلَهَ إِلَّا اللهُ، وَنَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُوْلُه. أمابعد!

আমাদের আক্বীদা

আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা

- আমরা বিশ্বাস করি এবং সাক্ষ্য দিই, আল্লাহ এক ও অদ্বিতীয়। তিনি সবচেয়ে বড় ও মহান। তিনি ব্যতীত কোন মাবূদ নেই। তাঁর কোন সমকক্ষ নেই।
- আমরা সাক্ষ্য দিই, এক আল্লাহ ব্যতীত আর কোন ইলাহ নেই (**لا إله إلا الله**)। তাওহীদের বাণী (**لا إله إلا الله**) যা কিছু দাবি করে, আল্লাহর জন্য আমরা তা-ই সাব্যস্ত করি। আমরা তাঁর সঙ্গে শিরক করি না। যে সকল বাতিল মাবূদ বা তাগূতকে মানুষ ইলাহ হিসেবে গ্রহণ করে, আমরা সেই সকল তাগুতকে অস্বীকার ও পরিত্যাগ করি এবং তাদের থেকে নিজেদের 'বারাআত' ও সম্পর্কহীনতার ঘোষণা দিই।
- আল্লাহ ব্যতীত যত কিছুর ইবাদত করা হয়, আল্লাহর বিধানের বিপরীত যত কিছুর আনুগত্য করা হয় এবং সে তাতে অসন্তুষ্ট নয়, অথবা যে আল্লাহর বিধানের বিপরীতে নিজের আনুগত্যের আহ্বান করে, তার সবই তাগুত ও বাতিল মাবূদ বলে বিশ্বাস করি।

  তাগুত বিভিন্ন প্রকারের হতে পারে। যেমন:

  ১. শয়তান।

  ২. গায়েবের ইলমের দাবীদার।

  ৩. আল্লাহ ব্যতীত যত কিছুর ইবাদত করা হয় অথবা আল্লাহর বিধানের বিপরীতে যত কিছুর আনুগত্য করা হয়; হোক তা আইন ও বিধান, মূর্তি ও পাথর, মানুষ কিংবা অন্য কিছু।

  ৪. আল্লাহর বিধানের বিপরীত আইন ও বিধানদাতা।

  ৫. যেসব বিচারক আল্লাহর বিধানের বিপরীতে মানবরচিত বিধানকে বিচারকার্যের ভিত্তি ও মানদণ্ড হিসেবে গ্রহণ করে নিয়েছে, ইত্যাদি ইত্যাদি।

  তাগুতকে অস্বীকার ও পরিত্যাগ (কুফর বিত-তাগুত) না করে আল্লাহর উপর ঈমান (ঈমান বিল্লাহ), ঈমান হিসেবে সাব্যস্ত হয় না এবং তা দ্বারা মুমিন হওয়া যায় না।
- আমরা বিশ্বাস করি,

  ক. তাগুতের ইবাদত, আনুগত্য, অনুসরণ ও ভালবাসাকে কুফরী ও বাতিল বলে জানা; খ. তাদের ইবাদত, আনুগত্য, অনুসরণ ও ভালোবাসা পরিত্যাগ করা; গ. তাদের প্রতি শত্রুতা রাখা এবং ঘ. তাদেরকে ঘৃণা করা ব্যতীত যথাযথভাবে

‘কুফর বিত-তাগুত’ (তাগুতকে অস্বীকার ও পরিত্যাগ) সাব্যস্ত হয় না। এর সবই পবিত্র কুরআন ও সুন্নাহ দ্বারা প্রমাণিত।

- আমরা বিশ্বাস করি- আল্লাহ তা’আলাই সবকিছুর স্রষ্টা ও পরিচালক, সকল ক্ষমতার উৎস একমাত্র তিনি; শুরু-শেষ সকল প্রশংসা একমাত্র তাঁরই। তিনিই সকল কর্তৃত্বের অধিকারী। তিনিই শুরু, তিনিই শেষ; তিনিই জাহির (প্রকাশ্য), তিনিই বাতিন (গোপন)।
- মহান আল্লাহর তাওহীদের ব্যাপারে আমরা বিশ্বাস করি, রব হিসেবে আল্লাহর কার্যাবলীতে, যেমন: সৃষ্টি, প্রতিপালন, রিযিক প্রদান, জীবন ও মৃত্যু দান, একচ্ছত্র মালিকানার অধিকার, বিশ্বজগত পরিচালনা, আইন ও বিধান প্রদান, সার্বভৌমত্বের অধিকার, হালাল-হারাম নির্ধারণ, তাকদিরের ভালো-মন্দ নির্ধারণ, বিপদ হতে মুক্তি দান, সন্তান দান, গায়েব বা অদৃশ্যের জ্ঞান- ইত্যাদি সকল ক্ষেত্রে মহান আল্লাহকে একক ও অদ্বিতীয় (তাওহীদুর রুবূবিয়্যাহ) মেনে না নিলে মুমিন হওয়া যায় না।
- আমরা আরো বিশ্বাস করি- ইবাদত তথা রুকু, সিজদা, দোয়া, বিপদ থেকে উদ্ধারের জন্য প্রার্থনা (ইস্তেগাসাহ), কুরবানী, নযর-মান্নত ইত্যাদিকে শুধুমাত্র এক আল্লাহর অধিকার বলে মেনে না নিলে যেমন মুমিন হওয়া যায় না, তেমনি মুয়ামালাত, মুয়াশারাত, সিয়াসাত ও রাষ্ট্র পরিচালনা তথা জীবনের সকল ক্ষেত্রে বিধানদাতা হিসেবে আল্লাহ তায়ালাকে মেনে না নিলেও মুমিন হওয়া যায় না। এগুলো ‘তাওহীদ ফিল-ইবাদাহ’, ‘তাওহীদুল উলূহিয়্যাহ’ ও ‘তাওহীদ ফিততাআহ’র অংশ।
- পবিত্র কুরআন ও সুন্নাহতে আল্লাহ তা’আলার যে নাম ও সিফাতসমূহ বর্ণিত হয়েছে, সেগুলো সম্পর্কে আমাদের আক্বীদা হল- সেগুলো তাঁর শান অনুযায়ী বিদ্যমান, কোন মাখলুকের মতো নয়। আমরা আল্লাহ তা’আলার এই সিফাতগুলোকে মুশাব্বিহা ফেরকার মতো কোন মাখলুকের সদৃশ মনে করি না এবং মুয়াত্তিলা ফেরকার মতো তাঁর কোন সিফাতকে অস্বীকারও করি না।
- ‘লা ইলাহা ইল্লাল্লাহ’র দু’টি ভাগ- নফী ও ইসবাত তথা ‘কুফর বিত-তাগুত; ও ‘ঈমান বিল্লাহ’-এর কোনটিতে কোন প্রকার শিথিলতা গ্রহণযোগ্য নয়।
- আমরা বিশ্বাস করি- ক. এই ‘লা ইলাহা ইল্লাল্লাহ’র যথাযথ ইলম (জ্ঞান) রাখা, খ. এতে ইয়াক্বীন (দৃঢ় বিশ্বাস) রাখা, গ. অন্তর থেকে সম্পূর্ণরূপে কবুল (গ্রহণ) করা, ঘ. মুখে ইকরার (স্বীকার) করা, ঙ. ‘লা ইলাহা ইল্লাল্লাহর’-এর ‘নাওয়াকেয’ অর্থাৎ ঈমান ভঙ্গকারী কাজে লিপ্ত না হওয়া, চ. এই কালেমার উপর আমৃত্যু টিকে থাকা, যে কোন ব্যক্তির মুসলমান থাকার জন্য জরুরী।

সম্মানিত ফেরেশতাগণ

- আমরা সম্মানিত ফেরেশতাগণের উপর ঈমান রাখি। আমরা বিশ্বাস করি, সকল ফেরেশতা আল্লাহর সম্মানিত মাখলূক। আল্লাহ তা’আলা তাঁদেরকে যে নির্দেশ দেন তাঁরা তার অবাধ্য হন না। যে নির্দেশ তাঁদেরকে দেয়া হয় তাঁরা তাই বাস্তবায়ন করেন।
- ফেরেশতাদেরকে ভালোবাসা ঈমানের অংশ। তাদের প্রতি শত্রুতা কুফরির অন্তর্ভুক্ত।

কিতাবুল্লাহ

- আমরা বিশ্বাস করি, আল-কুরআন আল্লাহ তাআলার কিতাব এবং তাঁর নিজের কালাম বা কথা। কুরআনে কারীমের শব্দ ও অর্থ উভয়ই আল্লাহর পক্ষ থেকে এসেছে। আল্লাহ তাআলা জিবরাঈল আলাইহিস সালামের মাধ্যমে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে যেভাবে পাঠিয়েছেন, ঠিক সেভাবেই এসেছে এবং আজ পর্যন্ত হুবহু সেভাবেই সংরক্ষিত আছে। তার একটি নুকতাও পরিবর্তন হয়নি এবং কেয়ামত পর্যন্ত হবে না। কুরআনের যথাযথ সম্মান করা এবং জীবনের সর্বক্ষেত্রে তা অনুসরণ করা জরুরী।
- আমরা পূর্ববর্তী নবীগণের (আলাইহিমুস সালাম) উপর যে সকল কিতাব ও সহীফা নাযিল হয়েছিল তার প্রতিও বিশ্বাস রাখি। একই সঙ্গে বিশ্বাস রাখি- সায়্যিদুনা মুহাম্মাদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের) নুবুওয়াতের মাধ্যমে ঐ সকল কিতাব ও সহীফা রহিত হয়ে গেছে।
- দ্বীন ইসলাম গ্রহণ না করে পূর্ববর্তী নবীগণের (আলাইহিমুস সালাম) কিতাব- তাওরাত কিংবা ইঞ্জীল (অবিকৃত হলেও) [যদিও বর্তমান পৃথিবীতে অবিকৃত তাওরাত বা ইঞ্জীল খুঁজে পাওয়া সম্ভব নয়] অনুসরণ করেও কেউ মুমিন হতে পারবে না। তারা নিশ্চিত জাহান্নামী হবে। তাদের সবাইকে আমরা সুস্পষ্ট কাফের মনে করি। তাদেরকে কাফের বলতে আমরা কোন প্রকার দ্বিধা করি না।

সম্মানিত নবী-রাসূলগণ (আলাইহিমুস সালাতু ওয়াসসালাম)

- আমরা আল্লাহ তা'আলার সকল নবী ও রাসূলের উপর ঈমান রাখি। তাঁদের সর্বপ্রথম হলেন সায়্যিদুনা আদম (আলাইহিস সালাতু ওয়াসসালাম)। সর্বশেষ হলেন সায়্যিদুল মুরসালিন মুহাম্মাদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)।
- আম্বিয়ায়ে কিরাম আল্লাহর মনোনীত বান্দা। তাওহীদের বাণী পৌঁছানোর জন্য আল্লাহ তা'আলা তাঁদের প্রেরণ করেছেন।
- আমরা নবী-রাসুলগণের (আলাইহিমুস সালাম) প্রতি ঈমানের ক্ষেত্রে তাঁদের পরস্পরের মাঝে কোন পার্থক্য করি না। (অর্থাৎ ইয়াহুদী-খ্রীষ্টানরা যেমন কারো প্রতি ঈমান রাখে আর কাউকে অস্বীকার করে- আমরা তা করি না)। এবং আল্লাহর নির্ধারিত সীমারেখা ব্যতীত একজনের উপর আরেকজনকে প্রাধান্য দিই না ।

মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম

- আমরা বিশ্বাস করি মুহাম্মাদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) মানুষ ও জ্বীন সকলের জন্য প্রেরিত আল্লাহ তা'আলার রাসূল। তিনি সায়্যিদুল মুরসালিন ও খাতামুন নাবিয়্যিন। তাঁর পরে কোন নবী আসবেন না। কোন যিল্লি বা ছায়া নবীও না। কেয়ামত পর্যন্ত তাঁর উপর নাযিল হওয়া বিধানই চূড়ান্ত বিধান। কেয়ামতের পূর্বে ঈসা আলাইহিস সালাম আসমান থেকে অবতরণ করবেন এবং তিনি শেষ নবীর শরীয়তের অনুসরণ করবেন। তিনি দাজ্জালকে হত্যা করবেন এবং মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের শরিয়ত দ্বারা এই উম্মতকে পরিচালিত করবেন।

- আমরা বিশ্বাস করি, মুহাম্মাদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তাঁর উপর অর্পিত রিসালাতের দায়িত্ব পরিপূর্ণ ও যথাযথ পালন করেছেন। তিনি ওহীর কোন অংশ গোপন করেননি কিংবা বিশেষভাবে কাউকে দিয়ে যাননি, যেমন শিয়াদের কতক গোষ্ঠী এবং কিছু ভ্রান্ত ও মুলহিদ সূফীবাদী ধারণা করে থাকে।
- দ্বীন হিসেবে তিনি আমাদেরকে যা দিয়েছেন, তা সবই আল্লাহর পক্ষ থেকে এসেছে।
- আমরা বিশ্বাস করি, তাঁর আনুগত্য আল্লাহর ভালবাসার পূর্বশর্ত এবং আমাদের সকল ইবাদত তাঁর সুন্নাহ অনুযায়ী হওয়া জরুরী।
- তিনি দৃশ্য-অদৃশ্য, অতীত ও ভবিষ্যতের যে সকল বিষয়ে সংবাদ দিয়েছেন, তা বিশ্বাস করা এবং নির্দ্বিধ মেনে নেয়া জরুরী। তবে তিনি গায়েবের যত সংবাদ দিয়েছেন তা আল্লাহর প্রেরিত ওহীর ভিত্তিতে দিয়েছেন। তিনি গায়েব জানতেন না। গায়বের ইলম একমাত্র আল্লাহ তায়ালাই রাখেন।
- আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে ভালোবাসি এবং এই ভালোবাসাকে ঈমানের অংশ এবং রবের সন্তুষ্টির মাধ্যম মনে করি। আমরা আহলে বাইতকেও (নবী পরিবারের সকল সদস্য) ভালোবাসি। তাঁদের সম্মান করি।
- আমরা জীবনের সকল অঙ্গনে মুহাম্মাদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-কে একমাত্র আদর্শ মনে করি। তাঁর আদর্শ ও শিক্ষার বিপরীতে অন্য যে কোন নেতা, দার্শনিক কিংবা বিজ্ঞানীর শিক্ষা ও আদর্শকে উত্তম মনে করা কুফরী জ্ঞান করি- যা বর্তমান যুগের বিভিন্ন জাতীয়তাবাদি, ধর্মনিরপেক্ষ ও গণতান্ত্রিক দল; সভ্যতা, সংস্কৃতি, অর্থনীতি, রাষ্ট্রনীতি, সমাজনীতি ইত্যাদি অঙ্গনে করে থাকে।
- ব্যক্তিগত জীবন থেকে সামাজিক ও রাষ্ট্রীয় জীবন, আইন-আদালত ও বিচারকার্যসহ সকল ক্ষেত্র রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের আদেশ অনুযায়ী পরিচালনা করা এবং তা নিঃসংঙ্কোচ মেনে নেয়া ঈমানের অংশ মনে করি।

সাহাবায়ে কেরাম (রাদিয়াল্লাহু ‘আনহুম)

- আমরা সকল সাহাবায়ে কেরামকে (রাদিয়াল্লাহু ‘আনহুম) ভালবাসি, তাঁদের সকলের প্রতি সুধারনা পোষণ করি। তাঁরা সকলেই ছিলেন ন্যায়পরায়ণ। আমরা তাঁদের ব্যাপারে ভাল ব্যতীত অন্য কিছু বলি না।
- তাঁদেরকে ভালোবাসা ঈমানের অংশ, তাঁদের সাথে শত্রুতা রাখা মুনাফিকী।
- তাঁদের জীবনকেই আমরা আদর্শ জীবন মনে করি। ব্যক্তিগত, সামাজিক, রাষ্ট্রীয়, আন্তর্জাতিক- যে কোন সমস্যার সমাধানে তাঁরা যে কর্মনীতি অবলম্বন করেছেন, সেটাকে আমরা অন্য যে কোন যুগের যে কোন দল বা ব্যক্তির গৃহীত কর্মপদ্ধতির উপর অগ্রগণ্য মনে করি।
- তাঁদের পারস্পরিক মতভেদের ব্যাপারে আমরা নীরবতা অবলম্বন করি। আমরা মনে করি, এ সকল মতভেদের ক্ষেত্রে তাঁরা ইজতিহাদের ভিত্তিতে দলীলের আলোকে যা সঠিক মনে করেছেন, তার উপর আমল করেছেন। কেউই প্রবৃত্তির অনুসরণ করেননি।
- একইভাবে তাঁদের যথাযথ অনুসরণকারী তাবেয়ীন ও তাবে-তাবেয়ীনকেও (রাহিমাহুমুল্লাহু জামিয়া) আমরা অনুসরণযোগ্য মনে করি। বিভিন্ন বিদআতি ফিরকা ও মতবাদের (যেমন: খারেজী, মুরজিয়া ইত্যাদি) মোকাবেলায় আমরা তাঁদের অনুসরণ করি।

তাক্বদীর

- আমরা বিশ্বাস রাখি তাক্বদীরের উপর, এর ভালো ও মন্দের উপর এবং এও বিশ্বাস করি যে, আল্লাহ তা'আলার ইচ্ছার বাইরে কিছুই হয় না।
- তাক্বদীরের ভাল-মন্দ আল্লাহর পক্ষ থেকে নির্ধারিত। বান্দার সকল কাজ তিনি আগে থেকেই জানেন এবং লিখে রেখেছেন। সেই লেখা অনুযায়ী সব কিছু সংগঠিত হয়; ন্যূনতম ব্যত্যয় ঘটার অবকাশ নেই।
- বান্দার সকল কাজের স্রষ্টা আল্লাহ তাআলা। এক্ষেত্রে আমরা জাবরিয়া ফেরকার বাড়াবাড়ি প্রত্যাখ্যান করি, যারা বান্দাকে কোন কাজের জন্য দায়ী মনে করে না। আবার ক্বাদরিয়াদের মতো এটাও বলি না যে, বান্দার কাজের স্রষ্টা সে নিজেই। এক্ষেত্রেও আমরা দুই ফেরকার মাঝামাঝি আহলুস সুন্নাহ্ ওয়াল জামাআহ'র আক্বীদা পোষণ করি।

কবরের আযাব ও সওয়াল-জওয়াব

- আমরা বিশ্বাস রাখি, কবরে মুনকার-নাকির দু'জন ফেরেশতা; রব, দ্বীন এবং নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সম্পর্কে প্রশ্ন করবেন।
- আমরা বিশ্বাস রাখি, কবরের আযাব সত্য। আল্লাহ তা'আলা সকল কাফেরকে এবং কতক গুনাহগার মুমিনকে কবরে শাস্তি প্রদান করবেন, আবার অনেক গুনাহগার মুমিনকে শাস্তি হতে মুক্তি দিবেন। একইভাবে তিনি নেক বান্দার জন্য কবরে শান্তি ও আরামের ব্যবস্থা করবেন।

কেয়ামত

- আমরা বিশ্বাস করি কেয়ামতের নিদর্শন সমূহের উপর, যা কুরআনে কারীমে এসেছে এবং রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বিভিন্ন হাদীসে বর্ণনা করেছেন।
- কেয়ামতের পূর্বে আল-মাহদীর আগমন ঘটবে এবং কেয়ামতের পূর্বে দাজ্জালেরও আবির্ভাব হবে।
- কেয়ামতের পূর্বে ঈসা আলাইহিস সালাম মুহাম্মাদে আরাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের ধর্মের অনুসারী হয়ে আবার অবতরণ করবেন। পৃথিবীতে ন্যায় ও ইনসাফ প্রতিষ্ঠা করবেন, খ্রিস্টানদের মিথ্যা ও হঠকারি ধর্মবিশ্বাসকে বাতিল সাব্যস্ত করবেন, তাদের ক্রুশ ধ্বংস করে দেবেন এবং জিজিয়ার বিধান তুলে দেবেন।
- কেয়ামতের পূর্বে পুনরায় নবুওয়াতের আদলে খেলাফত প্রতিষ্ঠিত হবে।
- কেয়ামত সংঘঠিত হবে এবং ইহজগতের সকল সৃষ্টি ধ্বংস হয়ে যাবে, যেভাবে পবিত্র কুরআন ও হাদিসে বর্ণিত হয়েছে।

পুনরুত্থান ও আখিরাত

- আমরা বিশ্বাস করি, আল্লাহ তায়ালা মৃত্যুর পর সকল প্রাণীকে পুনরায় জীবিত করে হাশরের ময়দানে একত্রিত করবেন।

- হাশরের ময়দানে বিচার দিবস কায়েম হবে এবং আল্লাহ সকলের হিসাব নিবেন।
- হাশরের ময়দানে বান্দার আমল ওজন করার জন্য মিজান (পাল্লা) স্থাপন করা হবে; হাউজে কাউছার থাকবে এবং জাহান্নামের উপর পুলসিরাত স্থাপিত হবে।
- জান্নাত ও জাহান্নাম সত্য; জান্নাতের নেয়ামত ও জাহান্নামের আযাব সত্য, যেমন কুরআন-হাদীসে তার বিবরণ এসেছে।

শাফাআত

- আমরা বিশ্বাস করি, তাওহীদের অনুসারী যে সকল মুমিন গুনাহের কারণে জাহান্নামে যাবে, আম্বিয়া, শুহাদা ও সালেহীনদের সুপারিশে তারা একসময় জান্নাতে প্রবেশ করবে।
- এই সুপারিশের অধিকার তাঁরাই পাবেন, যাদেরকে আল্লাহ তা'আলা পছন্দ করবেন এবং সুপারিশ করার অনুমতি দেবেন।
- আমরা বিশ্বাস করি, আল্লাহ তাআলা হাশরের ময়দানে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে 'মাকামে মাহমূদে' অধিষ্ঠিত করবেন। তিনি বিচারের জন্য আ'ম শাফাআত করবেন এবং মুমিনদের জাহান্নাম থেকে মুক্তির জন্য খাছ শাফাআত করবেন।

শিরক

- আমরা বিশ্বাস করি, শিরক হচ্ছে তাওহীদের বিপরীত।
- ধরন ও প্রকৃতির দিক থেকে শিরক বিভিন্ন প্রকার হতে পারে যেমন:

  ১. 'শিরক ফির-রুবূবিয়্যাহ্': রব হিসেবে আল্লাহর কার্যাবলী, যেমন: সৃষ্টি, প্রতিপালন, রিযিক প্রদান, জীবন ও মৃত্যু দান, একচ্ছত্র মালিকানার অধিকার, বিশ্বজগত পরিচালনা, আইন ও বিধান প্রদান, সার্বভৌমত্বের অধিকার, হালাল-হারাম নির্ধারণ, ভালো-মন্দ নির্ধারণ, বিপদ হতে মুক্তি দান, সন্তান দান, গায়েব বা অদৃশ্যের জ্ঞান- ইত্যাদি কোন বিষয়ে মহান আল্লাহর সাথে অন্য কাউকে অংশীদার করা 'শিরক ফির-রুবূবিয়্যাহ্' তথা মহান আল্লাহর রুবূবিয়্যাতে শিরক।

  ২. 'শিরক ফিল-উলূহিয়্যাহ্':

  ক. ইবাদত তথা সিজদা, দোয়া, বিপদমুক্তির প্রার্থনা (ইস্তেগাসাহ), কুরবানী, নযর-মান্নত ইত্যাদিতে মহান আল্লাহর সাথে কাউকে অংশীদার করা 'শিরক ফিল-উলূহিয়্যাহ্' তথা মহান আল্লাহর উলূহিয়্যাতে শিরক।

  খ. এমনিভাবে মুয়ামালাত, মুয়াশারাত, সিয়াসাত ও রাষ্ট্র পরিচালনার মতো ইহজাগতিক বিষয়াশয়ে আল্লাহ তায়ালার বিধানের বিপরীতে অন্য কাউকে আনুগত্যের হকদার মনে করাও শিরক ফিল উলূহিয়্যাহ।

  ৩. 'শিরক ফিল-আসমা ওয়াস-সিফাত': পবিত্র কুরআন ও সুন্নাহ'তে আল্লাহ তা'আলার যে নাম ও সিফাতসমূহ বর্ণিত হয়েছে, সেই নাম ও সিফাতগুলোর মধ্যে যেগুলো শুধুমাত্র আল্লাহর জন্য নির্দিষ্ট, সেগুলোতে অন্য কাউকে শরীক করা 'শিরক ফিল-আসমা ওয়াস-সিফাত' তথা আল্লাহর নাম ও গুণাবলীতে শিরক।

- আমরা আরো বিশ্বাস করি, বিধানের দিক থেকে শিরক দুই প্রকার:
  ১. 'শিরকে আকবার' তথা বড় শিরক, যার দ্বারা একজন মুসলিম ইসলাম থেকে বের হয়ে যায়।
  ২. 'শিরকে আসগার' তথা ছোট শিরক, যার দ্বারা একজন মুসলিম ইসলাম থেকে বের হয় না। তবে যে কোন ছোট শিরকও অনেক বড় গুনাহ এবং মৌলিকভাবে শিরক অন্যান্য কবিরা গুনাহ থেকেও জঘন্য।

কুফর ও নাওয়াকিযুল ঈমান (ঈমান বিনষ্টকারী বিষয়সমূহ)

- ঈমান যেমন কথা, কাজ ও বিশ্বাসের সাথে সম্পৃক্ত; কুফরও তেমনি কথা, কাজ ও বিশ্বাসের সাথে সম্পৃক্ত।
- শিরকের মতো বিধানের দিক থেকে কুফরও দুই প্রকার:
  ১. কুফরে আকবার তথা বড় কুফর, যার দ্বারা একজন মুমিন ঈমান থেকে বের হয়ে যায়।
  ২. কুফরে আসগার তথা ছোট কুফর, যার দ্বারা একজন মুমিন ঈমান থেকে বের হয় না।
- বড় কুফর বিভিন্ন ধরনের হতে পারে। যথা-
  ১. (كفر العناد) তথা সত্য দ্বীন চেনার পরও জেনেশুনে একগুঁয়েমি বা জেদবশত তা গ্রহণ না করা।
  ২. (كفر الإنكار والتكذيب) তথা মুখে বা অন্তরে দ্বীন অথবা দ্বীনের অকাট্য কোন বিষয়কে অস্বীকার করা।
  ৩. (كفر الاستكبار) তথা সত্য দ্বীন চেনার পরও অহংকার বশত তা গ্রহণ না করা।
  ৪. (كفر الجحود) তথা অন্তরে সত্য চেনা ও বিশ্বাস করা সত্ত্বেও মুখে অস্বীকার করা।
  ৫. (كفر النفاق) মুখে মুখে সত্য দ্বীনকে স্বীকার করে অন্তরে কুফর লালন করা।
  ৬. (كفر الاستحلال) তথা শরীয়তের কোন হালালকে হারাম বা কোন হারামকে হালাল মনে করা।
  ৭. (كفر الكره والبغض) তথা দ্বীন অথবা দ্বীনের কোন প্রমাণিত বিষয় অপছন্দ ও ঘৃণা করা।
  ৮. (كفر الطعن والإستهزاء) তথা দ্বীনের কোন বিষয় নিয়ে ঠাট্টা-বিদ্রূপ বা উপহাস করা কিংবা দ্বীনের কোন বিধানকে দোষারোপ করা।
  ৯. (كفر الإعراض) তথা দ্বীন থেকে সম্পূর্ণ বিমুখ থাকা অর্থাৎ ঈমানদার হওয়ার জন্য আবশ্যকীয় বিষয়গুলোও না জানা, না শিখা কিংবা গ্রহণ না করা। যেমন- জন্মসূত্রে মুসলিম কোন ব্যক্তির পিতা-মাতা কোন দিন তাকে ঈমান-ইসলাম শিখায়নি, সে নিজেও তা শিখেনি।
- এমন কিছু কাজ আছে, যেগুলোকে শরীয়ত বড় কুফর সাব্যস্ত করেছে এবং সেটি কুফর হওয়ার জন্য তা হালাল মনে করা কিংবা রদ্ তথা শরয়ী বিধান প্রত্যাখ্যান করার শর্ত আরোপ করেনি। যেমন:
  - সূর্য বা কোন প্রতিমার সিজদা করা।
  - আল্লাহ, দ্বীন বা কোন নবী-রাসূলের (আলাইহিমুস সালাম) অবমাননা করা।
  - দ্বীনের কোন বিষয় নিয়ে উপহাস বা তুচ্ছ-তাচ্ছিল্য করা। ইত্যাদি ইত্যাদি ... ।

  এসকল বড় কুফরের মাধ্যমে একজন ব্যক্তি ইসলামের গণ্ডি থেকে বেরিয়ে যায়, যদিও সে একে হালাল মনে না করে, বরং নাজায়েয ও হারাম মনে করে।

- আমরা বিশ্বাস করি, নিম্নোক্ত প্রতিটি কর্ম কুফর ও শিরকে আকবার-

১. তাওহীদ তথা আল্লাহর একত্বে অন্য কাউকে শরীক করা।

২. ইসলাম ব্যতীত অন্য ধর্মের অনুসারী, যেমন ইয়াহুদী-খ্রিস্টান, হিন্দু-বৌদ্ধ বা এরকম অন্য কোন অকাট্য কাফেরকে কাফের মনে না করা, তাদেরকে পরকালে নাজাতপ্রাপ্ত বা জান্নাতি মনে করা কিংবা তাদের ধর্মকে ভ্রান্ত মনে না করা কিংবা ভ্রান্তির ব্যাপারে সন্দেহ-সংশয় রাখা।

৩. সায়্যিদুনা মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের আনীত শরীয়তের কোন বিধানকে অনুপযোগী মনে করা।

৪. এই শরীয়তের কোন বিধান বাদ দিয়ে অন্য কোন দ্বীন, আদর্শ বা বিধানকে সমাধান ও সফলতার উপায় মনে করা, শরীয়তের বিধান থেকে উত্তম, যুক্তিযুক্ত, অধিক পরিপূর্ণ বা সমকক্ষ মনে করা।

৫. শরীয়তের কোন বিধানকে ঘৃণা করা।

৬. শরীয়তের কোন বিধান নিয়ে হাসি-ঠাট্টা করা।

৭. শিরক-কুফর মিশ্রিত জাদু করা।

৮. ইসলামের কারণে মুসলমানদের বিরুদ্ধে কাফের-মুশরেকদেরকে সাহায্য করা।

৯. এই শরীয়তকে পরিপূর্ণ মনে না করা, এর মধ্যে কিছু যোগ-বিয়োগ করার সুযোগ আছে মনে করা।

১০. দ্বীন থেকে সম্পূর্ণ বিমুখ থাকা অর্থাৎ ঈমানদার হওয়ার জন্য আবশ্যকীয় বিষয়গুলোও না জানা, না শিখা কিংবা গ্রহণ না করা। যেমন- জন্মসূত্রে মুসলিম কোন ব্যক্তির পিতা-মাতা কোন দিন তাকে ঈমান-ইসলাম শিখায়নি, সে নিজেও তা শিখেনি।

এমনসব 'নাওয়াক্বিযুল ঈমান' তথা ঈমান ভঙ্গকারী কর্মের কোন একটাতে লিপ্ত হলে ব্যক্তির ঈমান নষ্ট হয়ে যায়, সে ইসলামের গণ্ডি থেকে বের হয়ে যায়।

- "কোন ব্যক্তি ততক্ষণ পর্যন্ত কাফের হবে না, যতক্ষণ না সে তার অন্তর দিয়ে অস্বীকার করে"- এই কথাটি নব-উদ্ভাবিত একটি বিদআত।
- যুগের মুরজিয়া ও জাহমিয়া ফেরকার আকীদা থেকে আমরা নিজেদেরকে মুক্ত ঘোষণা করি, যারা বিশ্বাস করে- 'কুফর শুধু অন্তর দিয়ে প্রত্যাখ্যান ও মিথ্যা প্রতিপন্ন করার মাঝেই সীমাবদ্ধ; অন্তরে আকীদা-বিশ্বাস দুরস্ত থাকলে কথা-কাজের দ্বারা কখনও কাফের হয় না।'

নিফাক

- আমরা বিশ্বাস করি, মুনাফিকরা কাফেরদের চেয়েও নিকৃষ্ট। তারা দোযখের সবচেয়ে নিকৃষ্ট ও ভয়াবহ স্তরে থাকবে।
- আমরা আরো বিশ্বাস করি, নিফাক দুই প্রকার-

  ১. নিফাকে ই'তিকাদী বা আকীদা-বিশ্বাসগত নিফাক। এটা বড় নিফাক।

  ২. নিফাকে আমলী তথা কর্মগত নিফাক। এটা ছোট নিফাক

  ১. নিফাকে ই'তিকাদী বা বড় নিফাক: এতে মুনাফিক ব্যক্তি বাহ্যিকভাবে ইসলাম প্রকাশ করে কিন্তু অন্তরে কুফর গোপন রাখে। এ প্রকারের নিফাক ব্যক্তিকে সম্পূর্ণরূপে দ্বীন থেকে বের করে দেয়।

  নিম্নোক্ত বিষয়গুলোর সবক'টি আক্বীদাগত তথা বড় নিফাক:

- রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কিংবা তাঁর আনীত শরীয়তের কোন বিষয় বা বিধানকে মিথ্যা জ্ঞান করা।
- রাসূল সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লামের প্রতি কিংবা তাঁর আনীত দ্বীনের কোন বিষয় বা বিধানের প্রতি বিদ্বেষ পোষণ করা।
- তাঁর আনীত দ্বীনের পতনে খুশী এবং এর বিজয়ে অখুশী হওয়া ও কষ্ট অনুভব করা- ইত্যাদি।

২. নিফাকে আমলী তথা ছোট নিফাক হল- অন্তরে ঈমান রাখার পাশাপাশি মুনাফিকদের মতো কাজে লিপ্ত হওয়া, যেগুলো কুফরে আকবার নয়। যেমন- বিবাদ হলেই গালি-গালাজ করা, কথায় কথায় মিথ্যা বলা ইত্যাদি। এ নিফাকীর ফলে ব্যক্তি ইসলামের গণ্ডি থেকে বের হয় না, তবে এগুলো মারাত্মক গুনাহ।

কুফরী মতবাদ

- আমরা নিম্নোক্ত মতবাদসমূহকে এবং এগুলোর অনুরূপ পূর্ববর্তী ও পরবর্তী সকল মতবাদকে সুস্পষ্ট কুফরী হিসাবে আখ্যায়িত করি-
  - গণতন্ত্র
  - সমাজতন্ত্র
  - জাতীয়তাবাদ
  - ধর্মনিরপেক্ষতা
  - মুক্তচিন্তা
  - অসাম্প্রদায়িক চেতনা

গণতন্ত্র (Democracy)

- গণতন্ত্র হল জনসাধারণের ভোটে নির্বাচিত জনপ্রতিনিধি ও সংসদ সদস্যদের মাধ্যমে রাষ্ট্র-শাসন-ব্যবস্থা, যেখানে সার্বভৌমত্ব জনগণের এবং এর প্রয়োগ ঘটে জনপ্রতিনিধিদের আইন প্রণয়নের মাধ্যমে। গণতন্ত্রে আল্লাহর শরীয়তের কোন মূল্য নেই। নির্বাচিত প্রতিনিধি ও সংসদ সদস্যরা যে আইন প্রণয়ন বা প্রবর্তন করবে সেটাই আইন, সেটাই পালনীয়। আল্লাহর শরীয়ত কি বলে তা গণতন্ত্রে দেখার বিষয় নয়। গণতন্ত্রের ভিত্তি 'ফাসলুদ দ্বীন আনিদ দাওলা' তথা 'রাষ্ট্র থেকে ধর্ম পৃথকীকরণ' নীতির উপর। তাই তাদের স্লোগান- 'ধর্ম যার যার, রাষ্ট্র সবার', 'রাষ্ট্রপ্ররিচালনায় ধর্মের কোন কর্তৃত্ব নেই' ইত্যাদি। জনগণ কিংবা নির্বাচিত প্রতিনিধিরাই সর্বময় কর্তৃত্বের মালিক। তাদের ইচ্ছা ও খাহেশ এবং তাদের অভিব্যক্তিই চূড়ান্ত আইন। তারা তাদের ইচ্ছা মতো আল্লাহর বিধান পরিবর্তন করে। হারামকে বৈধ করে, হালালকে বে-আইনি সাব্যস্ত করে, আল্লাহর বিধানকে কুফরি বিধানে পরিবর্তন করে। যেমন:

- আল্লাহ রাব্বুল আলামীন চুরির শাস্তি হাতকাটা সাব্যস্ত করেছেন। কিন্তু গণতান্ত্রিক শাসন-ব্যবস্থায় এর পরিবর্তে জেল-জরিমানা নির্ধারণ করা হয়েছে। এটিই হচ্ছে আল্লাহর বিধান পরিবর্তন।
- আল্লাহ তাআলা সুদ হারাম করেছেন এবং সুদখোরের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেছেন, কিন্তু গণতান্ত্রিক শাসন-ব্যবস্থায় সুদভিত্তিক ব্যাংকিং ও আর্থিক লেনদেনকে বৈধ ও বাধ্যগত করা হয়েছে, এর জন্য লাইসেন্স দেয়া হয়েছে। গোটা অর্থব্যবস্থার ভিত্তি এর উপরই স্থাপন করা হয়েছে। এ হচ্ছে হারামকে হালালকরণ।

- আল্লাহ তাআলা জিহাদ ফরয করেছেন, কিন্তু গণতন্ত্রে একে সন্ত্রাস এবং মানবতাবিরোধী জঘন্য অপরাধ ও বেআইনি সাব্যস্ত করা হয়েছে। এ হচ্ছে হালালকে হারামকরণ।

এভাবে আল্লাহর বিধান পরিবর্তন কিংবা হালালকে হারাম বা হারামকে হালালকরণ সুস্পষ্ট শিরক ও কুফরে আকবার। যেমন- কোন শাসক যদি আইন প্রবর্তন করে যে, 'আল্লাহর শরীয়তে যদিও আসরের নামায চার রাকাআত ফরয এবং আমরাও তা অস্বীকার করি না, কিন্তু আমাদের দেশে এখন থেকে আসরের নামায দুই রাকাত পড়তে হবে। চার রাকাআত পড়া দণ্ডনীয় অপরাধ বলে গণ্য হবে'- তাহলে এমন শাসক নিশ্চিত কাফের। শরীয়তের বিধান তথা 'আসরের নামায চার রাকাত ফরয' স্বীকার করা সত্ত্বেও সে কাফের। যারা নামায পরিবর্তন করে তাদের, আর যারা যিনা, চুরি ইত্যাদির শরীয়ত-নির্ধারিত অকাট্য শাস্তি পরিবর্তন করে, তাদের মধ্যে কোনই ব্যবধান নেই। সকলেই কাফের ও মুরতাদ।

দ্বিতীয়ত এই শাসন-ব্যবস্থায় আহকামুল হাকিমীন আল্লাহ রাব্বুল আলামীনের আনুগত্য বর্জন করা হয়। তাঁর নাযিলকৃত দ্বীন ও শরীয়ত প্রত্যাখ্যান করা হয়। এর বিপরীতে তাগুত, শয়তান ও গাইরুল্লাহর আনুগত্য ও ইবাদত করা হয়। এদের নিজস্ব ধ্যান-ধারণা, খেয়াল-খুশি ও খাহেশ-প্রবৃত্তির ভিত্তিতে রচিত আইন-কানুন ও বিধি-বিধানকে জীবন-বিধানরূপে গ্রহণ করা হয়। আল্লাহর আইন পরিবর্তনের মতো তাদের এই মানবরচিত বিধানকে জীবনবিধান হিসেবে গ্রহণ করাও সুস্পষ্ট শিরক ও কুফরে আকবার।

- শরীয়াহ বিরোধী আইনে সমর্থনকারী সংসদ সদস্য, যারা এই কুফরী আইন প্রণয়ন বা প্রবর্তন করে, উক্ত আইনের রচয়িতা, যারা আইনের খসড়া প্রস্তুত করে এবং যারা উক্ত আইনে রাষ্ট্র পরিচালনা করে, তারা সবাই কাফের।
- যেসব বিচারক শপথ করে এই কুফরি সংবিধানকে বিচারের মানদণ্ড হিসেবে গ্রহণ করে, তারাও কাফের।
- যেসব বাহিনী এই কুফরি সংবিধান রক্ষা ও বাস্তবায়নের শপথ করে, শক্তি প্রয়োগের মাধ্যমে তা বাস্তবায়ন করে, শরীয়াহ আইনপ্রার্থীদের শাস্তি প্রদান করে, তারাও কুফরে লিপ্ত।
- এই সংবিধানের কুফর-শিরক সুস্পষ্ট হওয়ার পরও যারা সন্তুষ্টচিত্তে এর আনুগত্য করে, সমর্থন করে, প্রচার প্রসার করে এবং বাস্তবায়নে সহযোগিতা করে, তারাও কুফরে লিপ্ত।

উল্লেখ্য, শেষোক্ত দুই প্রকারের কুফরে লিপ্ত হলেই কাউকে কাফের আখ্যায়িত করা যাবে না। কারণ এসব কুফরে লিপ্ত হওয়ার পরও কিছু কিছু ক্ষেত্রে অজ্ঞতা (الجهل), তাবীল (التأويل) ইত্যাদির মত موانع التكفير তথা কাউকে কাফের আখ্যায়িত করার কোনো প্রতিবন্ধক থাকতে পারে।

সমাজতন্ত্র (Socialism)

- সমাজতন্ত্র একটি বস্তুবাদি মতবাদ, যা সম্পূর্ণ নাস্তিকতার উপর গড়ে উঠেছে। এর প্রতিষ্ঠাতা ইয়াহুদী কার্ল মার্কস (Karl Marx) ও তার সাহায্যকারী ফ্রিডরিখ এঙ্গেলস (Friedrich Engels)। সমগ্র মানব ইতিহাস ও কর্মকাণ্ডকে "শ্রেণী সংগ্রামের" নিরিখে দেখা, এ মতবাদের মূলনীতি হচ্ছে- আল্লাহর অস্তিত্ব অস্বীকার করা, সকল নবী-রাসূলকে মিথ্যারোপ করা, সকল দ্বীনের সাথে কুফরী করা, ধর্মীয় সকল আকিদা ও তার নির্দেশিত আচরণকে অস্বীকার করা।

ধর্ম ও আচার-আখলাককে তারা অর্থনৈতিক ও জাগতিক উন্নতির অন্তরায় মনে করে। এর প্রতিষ্ঠাতা কার্ল মার্কস ধর্মকে আফিম বলে আখ্যায়িত করেছে।

এ মতবাদ ব্যক্তি মালিকানা অস্বীকার করে এবং সব কিছুকে রাষ্ট্রীয় সম্পত্তি গণ্য করে। এটি একটি কুফরী মতবাদ হওয়ার ব্যাপারে সকলেই অবগত।

জাতীয়তাবাদ (Nationalism)

- আল্লাহ তাআলা মানব জাতিকে বিভক্ত করেছেন ঈমান ও কুফরের ভিত্তিতে। সকল ঈমানদার-মুসলমান এক জাতি, আর সকল কাফের-অমুসলিম এক জাতি। মুসলমান পৃথিবীর যে প্রান্তেই থাকুক, যে জাতি-গোষ্ঠী ও রঙ-বর্ণেরই হোক, যে ভাষাতেই কথা বলুক- তারা পরস্পর ভাই ভাই। তারা পরস্পর ঈমানী বন্ধন ও ইসলামী ভ্রাতৃত্বে আবদ্ধ। তাদের পরস্পর মহব্বত, ভালবাসা ও বন্ধুত্ব রাখা আবশ্যক। একে অপরকে নুসরত করা, হেফাজত করা, কাফের-মুশরিকদের হাত থেকে রক্ষা করা, তাদের বিরুদ্ধে একে অপরকে সহায়তা করা জরুরি। অপরদিকে অমুসলিমকে ভালোবাসা, তার সঙ্গে বন্ধুত্বের সম্পর্ক গড়া সম্পূর্ণ নিষিদ্ধ। সর্বোচ্চ তার সঙ্গে শর্তসাপেক্ষে মানবিক সহমর্মিতা ও সদাচারের সুযোগ রয়েছে। মোটকথা, ইসলামে 'আল-ওয়ালা ওয়াল-বারা' (শত্রুতা-মিত্রতা) ঈমান ও কুফরের ভিত্তিতে প্রতিষ্ঠিত। একে যদি জাতীয়তাবাদ বলা হয়, তাহলে ইসলাম এ জাতীয়তাবাদের স্বীকৃতি দেয়। একে বলা যেতে পারে ইসলামী জাতীয়তাবাদ, যার মূল ভিত্তি হবে ঈমান ও কুফর।

পক্ষান্তরে প্রচলিত জাতীয়তাবাদ গড়ে উঠেছে দেশ, জাতি, গোত্র, অঞ্চল, ভাষা, রঙ, বর্ণ ও সংস্কৃতি ইত্যাদির ভিত্তিতে। তাদের 'ওয়ালা-বারা' তথা মহব্বত-ভালবাসা, বন্ধুত্ব ও শত্রুতা, ঐক্য-অনৈক্য সব কিছু এসবের ভিত্তিতেই প্রতিষ্ঠিত। সেখানে ঈমান ও কুফরে তফাৎ নেই। মুসলিম অমুসলিমের কোন পার্থক্য নেই। মুসলমান-কাফের, ইয়াহুদ-নাসারা, হিন্দু-বৌদ্ধ, নাস্তিক-মুরতাদ কারো মাঝে কোন ব্যবধান নেই। যতক্ষণ তারা এক দেশ, এক জাতি কিংবা এক ভাষাভাষী হবে, ততক্ষণ তাদেরকে ভালবাসতে হবে, তাদের সাহায্য-সহায়তা করতে হবে, ন্যায়-অন্যায় সব কিছুতেই তাদের পক্ষাবলম্বন করতে হবে। তাদের কৃষ্টি-কালচার, রীতি-নীতি, প্রথা-প্রচলন, ইচ্ছা-অভিলাস, খাহেশ-প্রবৃত্তি সব কিছুকেই সংরক্ষণ করতে হবে। তা সঙ্গত কি অসঙ্গত, শরীয়তসম্মত কি শরীয়তবিরোধী, এসব দেখার সুযোগ নেই। এভাবে জাতীয়তাবাদের ভিত্তিতে শরীয়তের বিধান পরিবর্তিত হচ্ছে; হারাম হালাল হচ্ছে, হালাল হারাম হচ্ছে।

উল্লেখ্য, বর্তমানে এই জাতীয়তাবাদের প্রবক্তাদের মূল উদ্দেশ্য, পৃথিবী থেকে ইসলাম ও মুসলমানদের শাসন ও কর্তৃত্ব মুছে ফেলা। এ লক্ষ্য বাস্তবায়নের জন্য মুসলমানদের ঐক্য ও একতা বিলুপ্ত করে তাদেরকে পরস্পর বিদ্বেষী কতগুলো দুর্বল ও বিচ্ছিন্ন জাতি-গোষ্ঠীতে পরিণত করা। জাতীয়তাবাদের আড়ালে পশ্চিমারা এ কাজটিই করতে সক্ষম হয়েছে। দেশ, জাতি, গোত্র, অঞ্চল, ভাষা, রঙ, বর্ণ ও সংস্কৃতি- যেখানে যেটা সুবিধা মনে করেছে, সেটাকেই পুঁজি করে এক ও ঐক্যবদ্ধ মুসলিম জাতিকে শতধা বিভক্ত করে দিয়েছে। সৌহার্দ্য-ভ্রাতৃত্ব বিনষ্ট করে পারস্পরিক বিদ্বেষ ও দ্বন্দ্বে লিপ্ত করেছে। প্রত্যেককে নির্দিষ্ট গণ্ডিতে আবদ্ধ করে বাকি সমগ্র উম্মাহ থেকে বে-খবর বরং তাদের দুশমনে পরিণত করেছে। ফলত মুসলিম জাতি পারস্পরিক সাহায্য সহানুভূতির পরিবর্তে একে অপরের বিরুদ্ধে অবতীর্ণ হয়েছে।

এই জাতীয়তাবাদ ইসলামের বিপরীতে নব-উদ্ভাবিত এক কুফরী মতবাদ। যারা এই মতবাদের প্রবর্তক, প্রচারক, ভক্ত; এর জন্য জীবন দেয়- তারা কুফরী কাজে লিপ্ত বলে আমরা মনে করি।

ধর্মনিরপেক্ষতা (Secularism)

- 'নিরপেক্ষ' শব্দের অর্থ কোন পক্ষে নয়। 'ধর্মনিরপেক্ষ' অর্থ- 'কোন ধর্মের পক্ষে নয়'। অর্থাৎ, সকল ধর্মের সঙ্গে সম্পর্ক বর্জিত। "Secularism" (সেক্যুলারিজম) এমন একটি মতবাদ, যার মূলকথা হচ্ছে- রাষ্ট্র, শিক্ষা, সংস্কৃতি ইত্যাদিকে ধর্ম থেকে সম্পূর্ণ মুক্ত ও বিচ্ছিন্ন রাখতে হবে। ধর্মনিরপেক্ষতা সেই বিশ্বাসকে ধারণ করে, যাতে বলা হয়: মানুষের কর্মকাণ্ড এবং সিদ্ধান্তগুলো- বিশেষত রাজনৈতিক সিদ্ধান্তগুলো- কোনো ধর্মীয় বিশ্বাসের উপর প্রতিষ্ঠিত হবে না। এক কথায়, ধর্মনিরপেক্ষতা ধর্মহীনতার সমার্থক।

  ধর্মনিরপেক্ষতা রাষ্ট্রীয় জীবনেও হতে পারে, ব্যক্তি-কেন্দ্রিকও হতে পারে। কোন রাষ্ট্র ধর্মনিরপেক্ষ হওয়ার অর্থ- তার শাসনব্যবস্থা ধর্মের আওতামুক্ত। ধর্মের সাথে রাষ্ট্র এবং রাষ্ট্রীয় আইন-কানুন ও বিধি-বিধানের কোন সম্পর্ক নেই এবং এসবের সাথে ধর্মেরও কোন সম্পর্ক নেই। ধর্ম প্রত্যেক ব্যক্তির পারিবারিক ও ব্যক্তি জীবনের সামান্য কিছু অংশে সীমাবদ্ধ থাকবে। ধর্মকে রাষ্ট্রীয় জীবনে টেনে আনা যাবে না। রাষ্ট্রীয় জীবনে ধর্মের প্রবেশ সম্পূর্ণ নিষিদ্ধ। "ধর্ম যার যার রাষ্ট্র সবার" শ্লোগানটি দ্বারা এটিই উদ্দেশ্য।

  আর কোন ব্যক্তি ধর্মনিরপেক্ষ হওয়ার অর্থ, উপরোক্ত বিশ্বাসে বিশ্বাসী হওয়া। এই বিশ্বাস লালন করে কেউ মুসলিম থাকতে পারে না।

  উল্লেখ্য, ধর্মনিরপেক্ষতার অর্থ এই নয় যে, রাষ্ট্রধর্ম ইসলাম, রাষ্ট্র ইসলামী শরীয়ত অনুযায়ী চলবে, তবে অন্যান্য ধর্মও তাতে শান্তিতে পালন করা যাবে, যেমনটা কেউ কেউ মনে করে থাকে। এটা চরম অজ্ঞতা। ধর্মনিরপেক্ষতার প্রবর্তক ও ধারক-বাহকসহ কোনো নির্ভরযোগ্য কর্তৃপক্ষের নিকটই ধর্মনিরপেক্ষতার এই অর্থ গ্রহণযোগ্য নয়।

- মানব জীবনের যে কোন ক্ষেত্রে- রাষ্ট্রীয় জীবনে হোক বা ব্যক্তিজীবনে- ধর্মনিরপেক্ষতাকে আমরা কুফরী মনে করি। এ হচ্ছে কাফেরদের আবিষ্কৃত নতুন মতবাদসমূহের জঘন্যতম একটি মতবাদ। দ্বীন ইসলামে এর কোন সুযোগ নেই। জীবনের সর্বক্ষেত্র: ব্যক্তিগত, সামাজিক, রাষ্ট্রীয় ও আন্তর্জাতিক, সর্বত্রই আল্লাহ প্রদত্ত দ্বীন ও শরীয়ত পরিচালকের আসনে থাকতে হবে। মানবজীবনের সর্বক্ষেত্রে একমাত্র গ্রহণযোগ্য আদর্শ ইসলামী শরীয়ত।
  উল্লেখ্য, এ বিশ্বাসের পাশাপাশি শরীয়ত কাফেরদের যতটুকু অধিকার দিয়েছে, ততটুকু অধিকার দেয়া আমরা জরুরী মনে করি।
- যারা ধর্মনিরপেক্ষতার সমর্থক, প্রচারক, এর জন্য লড়াই করে তারা সবাই কুফরে আকবারে লিপ্ত বলে আমরা মনে করি। কারণ তারা আল্লাহর দ্বীনের বিপরীতে নতুন একটি মতবাদকে বেছে নিয়েছে।

মুক্তচিন্তা

- মুক্তচিন্তার দর্শন ও মতবাদে; মানুষ মাত্রই যে কোনো বিষয়ে যে কোনো চিন্তা করার এবং যে কোনো মত প্রকাশের অধিকার রাখে। চাই তা দ্বীন-শরীয়তের বিরোধী; কুফর, শিরক, নাস্তিকতা যা-ই হোক না কেন। যেমন কেউ চাইলেই ইসলাম ধর্ম ত্যাগ করা, নাস্তিকতা গ্রহণ করা, যিনা-ব্যভিচার ও সমকামিতার মতো নিকৃষ্টতম বিষয় গ্রহণ ও প্রচার

করার অধিকার রাখে বলে মুক্তচিন্তার ধারক-বাহকরা মনে করে। অথচ ইসলাম বলে, যে কোন ব্যক্তি যে কোন বিষয়ে মত প্রকাশের ক্ষেত্রে অবশ্যই শরীয়তের নির্ধারিত সীমার ভিতরে থাকতে বাধ্য। কাজেই, মুক্তচিন্তা মতবাদ একটি সুস্পষ্ট কুফরে আকবার। এ মতবাদে বিশ্বাসী ব্যক্তি অবশ্যই ইসলাম থেকে খারিজ হয়ে যাবে।

অসাম্প্রদায়িক চেতনা

- অসাম্প্রদায়িক চেতনায় সামাজিক ও রাষ্ট্রীয় জীবন; সকল ক্ষেত্রে মুসলমান ও কাফের-মুশরিক সকলকে সমান মনে করা হয়। ধর্মের কারণে ব্যবধান অসাম্প্রদায়িক চেতনায় নিষিদ্ধ। তথাকথিত এই অসাম্প্রদায়িক চেতনা সম্পূর্ণ ইসলাম পরিপন্থী। ইসলামের 'আল-ওয়ালা ওয়াল-বারা' তথা 'মুসলমানদের সাথে বন্ধুত্ব আর কাফেরদের সাথে দুশমনি' শিক্ষার বিরোধী। শরীয়ত মুসলমানদের পরস্পর ভালবাসা, সম্প্রীতি, ঐক্য ও নুসরত এবং কাফেরদের প্রতি বিদ্বেষ ও দুশমনির আদেশ দিয়েছে। মুসলমানদের উপর অমুসলিমের সব ধরনের কর্তৃত্ব নিষিদ্ধ করেছে। কোন কাফের কিছুতেই মুসলিমদের কর্তৃত্বের আসনে থাকতে পারে না। তাদের ইমাম, শাসক, আমীর বা বিচারক- কিছুই হতে পারে না। শরীয়ত বরং ইসলাম গ্রহণ না করলে, তাদেরকে জিযিয়া প্রদান করত হীনতার সাথে মুসলমানদের অধীনস্থ হয়ে বসবাসের সুযোগ দিয়েছে। এক্ষেত্রে তাদের ধর্মীয় আচার-অনুষ্ঠান, উপাসনালয়ও গৃহাভ্যন্তরে সীমাবদ্ধ রাখার আদেশ করেছে। এ সুযোগ গ্রহণ না করলে মুসলমানদের উপর তাদের বিরুদ্ধে যুদ্ধ ফরয করেছে।
  পক্ষান্তরে অসাম্প্রদায়িক চেতনা; এর সম্পূর্ণ বিপরীত। তাতে কাফের-মুসলিম সবাই বরাবর। ইমাম, শাসক, আমীর বা বিচারক হওয়ার অধিকার মুসলমানদের যেমন আছে, সমভাবে কাফের-মুশরিকদেরও আছে। মুসলমানদের ঈদ যেমন প্রকাশ্যে হবে, হিন্দুদের পূজাও তেমনি প্রকাশ্যে হবে। অনুষ্ঠানের শুরুতে কুরআন যেমন তেলাওয়াত হবে, গীতা-ত্রিপিটকও তেমনি পাঠ হবে। কোন কিছুতে ধর্মের বাধা-নিষেধ টেনে আনা, ধর্মের কারণে ব্যবধান সৃষ্টি করা অসাম্প্রদায়িক চেতনার সম্পূর্ণ পরিপন্থী। কাজেই অসাম্প্রদায়িক চেতনা একটি ইসলামবিরোধী কুফরী চেতনা।

মডারেট ইসলাম

- বর্তমান যুগের গণতন্ত্র, জাতীয়তাবাদ, ধর্মনিরপেক্ষতা, অসাম্প্রদায়িকতা ইত্যাদিসহ পশ্চিমা অন্যান্য কুফরী মতাদর্শের সাথে দ্বীন ইসলামের সামঞ্জস্য বিধানের প্রচেষ্টামূলক 'মর্ডানিস্ট' চিন্তাধারা এবং আন্তঃধর্মীয় সংলাপের নামে দ্বীন ইসলামকে তরলায়িত করার চেষ্টাকে আমরা চরম গোমরাহী ও নিকৃষ্ট বিদআত বলে বিশ্বাস করি। যা অনেক ক্ষেত্রে ইলহাদ, যান্দাকাহ্ ও কুফর-শিরক পর্যন্ত গড়ায়।
  আল্লাহর মনোনীত এই দ্বীন কোন যুগের কোন মতাদর্শের আলোকে পরিবর্তন, পরিবর্ধন ও সংযোজন-বিয়োজন এমনকি তরলায়িতকরণেরও সম্পূর্ণ উর্ধ্বে। অন্য সকল মতাদর্শ, চিন্তা ও রীতিনীতি দ্বীন ইসলামের সাথে সামঞ্জস্য বিধানে পরিবর্তিত হবে; কিন্তু এই লক্ষ্যে দ্বীন ইসলামকে সালাফে সালেহীনের উপলব্ধির বাইরে একচুলও পরিবর্তন করা যাবে না। দ্বীন ইসলামকে তরলায়িত করে পশ্চিমা ও অন্যান্য কুফরী মতাদর্শের সাথে সামঞ্জস্য বিধান করত 'মডারেট' ইসলাম প্রবর্তন করার প্রচেষ্টা মূলত কাফেরদের গভীর ষড়যন্ত্র। যারা এসকল নিকৃষ্ট কাজে লিপ্ত, তারা মূলত কাফেরদের নিয়োগ দেয়া এজেন্ট কিংবা তাদের ষড়যন্ত্রের শিকার। তারা সঠিকভাবে দ্বীন ইসলামকে বুঝতে ব্যর্থ হয়েছে। কাফেরদের সাময়িক চাকচিক্য দেখে এই দ্বীনের ব্যাপারে হীনম্মন্যতায় আক্রান্ত হয়েছে।

